# নিশোসহ ‘দম’ সিনেমার কাজ শুরু কাজাখস্তানের পাহাড়ে



সংগৃহীত ছবি

জনপ্রিয় অভিনেতা আফরান নিশো কাজাখস্তানের দুর্গম এলাকায় ‘দম’ সিনেমার শুটিং লোকেশন রেকি করছেন। নির্মাতা রেদওয়ান রনি ও প্রযোজক শাহরিয়ার শাকিলসহ টিমটি সরেজমিনে লোকেশন যাচাই করছেন। সিনেমা মুক্তি পাবে ২০২৬ সালের রোজার ঈদে।

কাজাখস্তানের এক দুর্গম এলাকায় দেখা গেছে জনপ্রিয় অভিনেতা আফরান নিশোকে। তার সঙ্গে ছিলেন নির্মাতা রেদওয়ান রনি, প্রযোজক শাহরিয়ার শাকিল, আর্ট ডিরেক্টর শহীদুল ইসলাম ও আরও কয়েকজন।

তারা আসন্ন ঈদুল ফিতরের জন্য তৈরি হওয়া ‘দম’ সিনেমার শুটিং লোকেশন রেকি করছেন বলে অনুমান করা হচ্ছে। নির্মাতা রেদওয়ান রনি নিজের ফেসবুক ও ইনস্টাগ্রামে কিছু ছবি শেয়ার করে লিখেছেন— ‘দম’-এর দম পরীক্ষা।

LENS ASIA

প্রযোজক-নির্মাতা-অভিনেতাদের দল সরেজমিনে যাচাই করছেন, কোথায় কী ধরনের দৃশ্যধারণ করা যাবে এবং কতটা চ্যালেঞ্জ নিতে হতে পারে। এর আগে সৌদি আরব ও জর্ডানকে সম্ভাব্য লোকেশন হিসেবে বিবেচনা করা হলেও শেষ পর্যন্ত কাজাখস্তানকে বেছে নেওয়া হয়েছে। রেদওয়ান রনি পোস্টে হ্যাশট্যাগ ব্যবহার করেছেন— #দমরেকি এবং #কাজাখস্তান।

নির্মাতা রেদওয়ান রনি বলেন, “দম নিয়ে দম বানাতে আসছি। সিনেমার গল্প বাস্তব ঘটনার অনুপ্রেরণায় তৈরি, যেখানে সার্ভাইভালের কাহিনি উঠে আসবে।”

সিনেমায় অভিনয় করছেন আফরান নিশো ও চঞ্চল চৌধুরী। নিশো জানিয়েছেন, পারফরম্যান্সে অনেক চ্যালেঞ্জ থাকায় তিনি অনুপ্রাণিত হয়েছেন। চঞ্চল বলেন, গল্পটি অসাধারণ এবং দর্শককে চমকিত করবে।

তবে সিনেমার প্রধান নারী চরিত্রে কে অভিনয় করবেন, তা এখনও চূড়ান্ত হয়নি।

এসভিএফ আলফা–আই এন্টারটেইনমেন্ট ও চরকির প্রযোজনায় তৈরি ‘দম’ সিনেমা মুক্তি পাবে ২০২৬ সালের রোজার ঈদে এবং শিগগিরই শুটিং শুরু হবে